# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours PART-III Examinations, 2018

**বাংলা - সাম্মানিক**

**পঞ্চম পত্র**

**সময় : ৪ ঘণ্টা** **পূর্ণমান : ১০০**

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১. মহাকাব্যের সংজ্ঞা দাও। ধ্রুপদী মহাকাব্যের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো এবং একটি বাংলা সাহিত্যিক মহাকাব্যের রচনারীতি বিশ্লেষণ করে ধ্রুপদী মহাকাব্যের সঙ্গে তার পার্থক্যের বিষয়টি বুঝিয়ে দাও। ৩+৫+১২

**অথবা**

উদাহরণসহ যে-কোনো ***দুটি*** বিষয় সম্পর্কে আলোচনা করোঃ ১০+১০
(ক) গাথা বা ব্যালাড, (খ) সনেট, (গ) স্তোত্রকবিতা (ওড)

২. মর্ত্যনারীর স্বার্থপরতা এবং অপরের সৌভাগ্যের প্রতি ঈর্ষাবোধ, 'দশরথের প্রতি কৈকেয়ী' পত্রকাব্যের মূল বিষয় – আলোচনা করো। ১৬

**অথবা**

'দুষ্মন্তের প্রতি শকুন্তলা' পত্রে শকুন্তলা চরিত্র নির্মাণে মধুসূদনের মৌলিকতার পরিচয় দাও। ১৬

৩. ''নিজের সঙ্গে বিশ্বপ্রকৃতির এক অবিচ্ছিন্ন যোগ, এক চিরপুরাতন একাত্মতা আমাকে একান্তভাবে আচ্ছন্ন করিয়াছে।'' – বিশ্বাত্মবোধ সম্পর্কে রবীন্দ্রনাথের এই মন্তব্য 'সোনারতরী' কাব্যগ্রন্থের 'বসুন্ধরা' কবিতাটি সম্পর্কে কতখানি প্রযোজ্য তা আলোচনা করো। ১৬

**অথবা**

''মানুষ ভগবানের প্রেমকে উপলব্ধি করিতে পারে আপনার প্রেমাস্পদের প্রতি প্রেমকে অন্তরে উপলব্ধি করিয়া।'' – 'সোনারতরী' কাব্যের 'বৈষ্ণব কবিতা'র মূল প্রতিপাদ্য বিষয়টি আলোচনা করে সমালোচকের এই মন্তব্যের যাথার্থ্যতা বিচার করো। ১৬

৪. ''অদম্য স্বতঃস্ফূর্ততা নজরুলের রচনার প্রধান গুণ – এবং প্রধান দোষ।'' – পাঠ্য কবিতাগুলি অবলম্বনে কাজী নজরুল ইসলামের কবি-মানসিকতার এই বৈশিষ্ট্যটি ব্যাখ্যা করো। ১৬

**অথবা**

ব্যক্তিসত্তা ও কবিসত্তার এক অসাধারণ মেলবন্ধনে কাজী নজরুল ইসলামের 'আমার কৈফিয়ৎ' কবিতাটি বিশিষ্টতা অর্জন করেছে – আলোচনা করো। ১৬

৫. বিষ্ণু দে-র 'দামিনী' কবিতায় রবীন্দ্র-উপন্যাসের দামিনী চরিত্রটি একটি ভিন্নমাত্রিক ব্যঞ্জনা নিয়ে উপস্থিত হয়েছে – কবিতাটি আলোচনা প্রসঙ্গে বিষয়টি স্পষ্ট করো। ১৬

**অথবা**

সুভাষ মুখোপাধ্যায়ের 'বধূ' কবিতাটি আসলে রবীন্দ্রনাথের 'বধূ' কবিতারই বিনির্মাণ – আলোচনা করো। ১৬

৬. **উদ্ধৃতাংশের কাব্যশৈলী বিচার করোঃ** ১৬

এই তো জানু পেতে বসেছি, পশ্চিম
আজ বসন্তের শূন্য হাত
ধ্বংস করে দাও আমাকে যদি চাও
আমার সন্ততি স্বপ্নে থাক।

কোথায় গেল ওর স্বচ্ছ যৌবন
কোথায় কুরে খায় গোপন ক্ষয়!
চোখের কোণে এই সমূহ পরাভব
বিষায় ফুসফুস ধমনী শিরা!

জাগাও শহরের প্রান্তে প্রান্তরে
ধূসর শূন্যের আজান গান;
পাথর করে দাও আমাকে নিশ্চল
আমার সন্ততি স্বপ্নে থাক।

না কি এ শরীরের পাপের বীজাণুতে
কোনোই ত্রাণ নেই ভবিষ্যের ?
আমারই বর্বর জয়ের উল্লাসে
মৃত্যু ডেকে আনি নিজের ঘরে ?

না কি এ প্রাসাদের আলোর ঝলসানি
পুড়িয়ে দেয় সব হৃদয় হাড়
এবং শরীরের ভিতরে বাসা গড়ে
লক্ষ নির্বোধ পতঙ্গের ?

আমারই হাতে এত দিয়েছ সম্ভার
জীর্ণ করে ওকে কোথায় নেবে ?
ধ্বংস করে দাও আমাকে ঈশ্বর
আমার সন্ততি স্বপ্নে থাক।

**অথবা**

তোমারে স্মরণ করি আজ এই দারুণ দুর্দিনে ১৬
হে বন্ধু, হে প্রিয়তম। সভ্যতার শ্মশান-শয্যায়
সংক্রমিত মহামারী মানুষের মর্মে ও মজ্জায়;
প্রাণলক্ষ্মী নির্বাসিতা। রক্তপায়ী উদ্ধত সঙিনে
সুন্দরেরে বিদ্ধ ক'রে, মৃত্যুবহ পুষ্পকে উড্ডীন
বর্বর রাক্ষস হাঁকে, 'আমি শ্রেষ্ঠ, সবচেয়ে বড়ো'।
দেশে-দেশে সমুদ্রের তীরে-তীরে কাঁপে থরোথরো
উন্মত্ত জন্তুর মুখে জীবনের সোনার হরিণ।

প্রাণ রুদ্ধ, প্রাণ স্তব্ধ। ভারতের স্নিগ্ধ উপকূলে
লুব্ধতার লালা ঝরে। এত দুঃখ, এ দুঃসহ ঘৃণা–
এ-নরক সহিতে কি পারিতাম, হে বন্ধু, যদি না
লিপ্ত হ'তো রক্তে মোর, বিদ্ধ হ'তো গূঢ় মর্মমূলে
তোমার অক্ষয় মন্ত্র। অন্তরে লভেছি তব বাণী
তাই তো মানি না ভয়, জীবনেরই জয় হবে, জানি।

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours PART-III Examinations, 2018

**বাংলা - সাম্মানিক**

**ষষ্ঠ পত্র**

**সময় : ৪ ঘণ্টা** **পূর্ণমান : ১০০**

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১. মাণিক বন্দ্যোপাধ্যায়ের ‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাসের ঘটনাবলীর প্রেক্ষিতে উপন্যাসটির নামকরণের বহুমাত্রিক তাৎপর্য ও প্রতীকী সার্থকতা বিচার করো। ১০+৫

**অথবা**

“পুতুলনাচের ইতিকথা” উপন্যাসের চরিত্রগুলি এক অদৃশ্য নিয়তি শক্তির অধীন– এই মন্তব্যের সঙ্গে তুমি কি একমত ? যুক্তিসহ আলোচনা করো। ১৫

২. একদিকে ইতিহাসের মিথ অন্যদিকে রক্তমাংসের বীর যোদ্ধা এই দুইয়ের নিপুণ সমন্বয়ে নির্মিত হয়েছে বীরসার চরিত্র– আলোচনা করো। ১৫

**অথবা**

‘অরণ্যের অধিকার’ উপন্যাসে বর্ণিত ইতিহাসের বিচার করতে হবে নিম্নবর্গের মানুষের ইতিহাসের দৃষ্টিকোণ থেকে।– আলোচনা করো। ১৫

৩. ‘সে নির্জন দ্বিপ্রহরের মতো শব্দহীন এবং সঙ্গীহীন’– রবীন্দ্রনাথ সৃষ্ট ছোটগল্পের কোন্ চরিত্রের বৈশিষ্ট্য উপরিউক্ত বক্তব্য সাঙ্গীকৃত করে প্রকাশ রূপ লাভ করে – আলোচনায় স্পষ্ট রূপ দান করো। ১৫

**অথবা**

‘ল্যাবরেটরি’ গল্পের সোহিনী “একেবারে এখনকার যুগের সাদায়-কালোয় মিশানো খাঁটি রিয়ালিজম, অথচ তলায়-তলায় অন্তঃসলিলার মতো আইডিয়ালিজম।”– সোহিনী প্রসঙ্গে রবীন্দ্রকথিত এই মূল্যায়নটি ব্যাখ্যা করো। ১৫

৪. ‘পয়োমুখম্’ গল্পে মানব চরিত্রের পৈশাচিকতার অনাবৃত রূঢ় প্রকাশ ঘটলেও ফল পরিণামে পাঠকের প্রত্যাশাই পূর্ণ হয় – আলোচনা করো। ১৫

**অথবা**

গল্পকারের আর্থ-সামাজিক সচেতনতার একটি উল্লেখযোগ্য জীবন্ত দলিল ‘ফসিল’– আলোচনা করো। ১৫

৫. দাঙ্গার পটভূমিতেও মাথা তুলে দাঁড়ায় সাম্প্রদায়িক সম্প্রীতি ও মানবতাবোধের বন্ধন– 'আদাব' গল্প অবলম্বনে উপরিউক্ত বক্তব্যের অন্তর্নিহিত অর্থ পরিস্ফুট করো। ১৫

**অথবা**

ভালোবাসা ও মনুষ্যত্ববোধের প্রকাশ রূপই হল 'মতিলাল পাদরী' গল্পের ভিত্তিভূমি– আলোচনা করো। ১৫

৬.(ক) ''সংসারে মানুষ চায় এক, হয় আর। চিরকাল এমনি দেখে আসছি ডাক্তারবাবু।''– কার উক্তি ? কেন এবং কোন্ প্রসঙ্গে বক্তার এই উক্তি ? ১+২+২

**অথবা**

''মাটির টিলাটির উপর সূর্যাস্ত দেখিবার শখ এ জীবনে আর একবার ও শশীর আসিবে না''– কোন্ প্রসঙ্গে কেন একথা বলা হয়েছে ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩

(খ) ''দুটো ছেলে আমার বড় আরো হবে। লেখাপড়া জানলে ওরা কাছারির হাকিমের কথা বুঝবে।''– কে কাকে বলেছে ? সপ্রসঙ্গ বক্তব্যটি ব্যাখ্যা করো। ১+১+৩

**অথবা**

''কেন জমি ছাড়ব কেন ? জঙ্গল আমাদের নয় ? জমি আমাদের নয় ?''– কাদের ভাবনার কথা বলা হয়েছে ? সপ্রসঙ্গ উক্ত ভাবনার বিষয়টি ব্যাখ্যা করো। ২+৩

(গ) ''ওঃ আমাদের ডাক্তারবাবুর কন্যা''– কে কাকে একথা বলেছে ? প্রসঙ্গটি যথাযথভাবে বুঝিয়ে লেখো। ১+৪

**অথবা**

''আমি চললুম, আমাকে খুঁজতে চেষ্টা করো না। করলেও খুঁজে পাবে না।''– বক্তা কে ? উদ্দিষ্ট ব্যক্তি কে ? প্রসঙ্গ উল্লেখ পূর্বক উদ্ধৃতাংশটির ব্যাখ্যা করো। ১+১+৩

(ঘ) বসতবাড়ি ভাড়া দিয়েছি বলে ভোটার তালিকায় নাম থাকবে না আমার।''– কোন্ গল্পে কার উক্তি ? প্রসঙ্গ উল্লেখ করো। ১+১+৩

**অথবা**

'সেদিন অনেকদিন পরে ভাল সিগারেট টেনেছিল সুব্রত। কিন্তু ঠিক যেন আগেকার মত স্বাদ নেই'– কোন্ গল্পের অংশ ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৪

(ঙ) ''তোমাদের এই কলকাতা দিন দিন আধুনিক হচ্ছে।''– কে কাকে কোন্ প্রসঙ্গে এই উক্তি করেছে, প্রসঙ্গ উল্লেখ করো। ১+১+৩

**অথবা**

'ওস্তাদ ছেলে। পৌত্তলিক হবার পর নিজের দেবতাও বেছে নিয়েছে এমন এক দাড়িওয়ালাকে, যে কলমা পড়ে।' কে কাকে একথা বলেছে ? 'দাড়িওয়ালা' বলতে কাকে বোঝানো হয়েছে ? উক্তিটির মধ্য দিয়ে কোন্ মনোভাব প্রকাশ পেয়েছে ? ১+১+১+২

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours PART-III Examinations, 2018

**বাংলা - সাম্মানিক**

**সপ্তম পত্র**

**সময় : ৪ ঘণ্টা** **পূর্ণমান : ১০০**

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১. নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×২=২০

(ক) প্রবন্ধসাহিত্য বলতে কী বোঝো ? যথোপযুক্ত উদাহরণের সাহায্যে বস্তুনিষ্ঠ (Objective) প্রবন্ধ ও ব্যক্তিনিষ্ঠ (Subjective) প্রবন্ধের প্রকৃতি বিশ্লেষণ করো। ২+৪+৪

(খ) রম্যরচনা কোন্ কোন্ গুণে রমনীয় হয়ে ওঠে ? রম্যরচনা ও লঘুরচনা কী একজাতের ? বাংলা সাহিত্যের একটি সফল রম্যরচনা সম্পর্কে আলোকপাত করো। ৩+৩+৪

(গ) ব্যক্তিগত পত্র কোন্ গুণে পত্রসাহিত্য হয়ে ওঠে বুঝিয়ে দাও। বাংলা পত্রসাহিত্য সম্পর্কে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করো। ৫+৫

(ঘ) সংক্ষিপ্ত পরিচয় দাওঃ (যে-কোনো ***দুটি***) ৫+৫

(অ) ডায়ারি-সাহিত্য।

(আ) ভ্রমণসাহিত্য।

(ই) মনস্তাত্ত্বিক সাহিত্য সমালোচনা পদ্ধতি।

২. "সকলেরই এক একটি বহ্নি আছে– সকলেই সে বহ্নিতে পুড়িয়া মরিতে চাহে....।"– কোন্ প্রবন্ধের অংশ ? 'বহ্নি' বলতে উক্ত প্রবন্ধে কী বোঝানো হয়েছে ? উদ্ধৃত অংশটি অবলম্বনে প্রবন্ধটির মূল বক্তব্য আলোচনা করো। ১+৫+৯

**অথবা**

বাংলা গদ্যধারায় 'কমলাকান্তের দপ্তর' এক নতুন গদ্যরীতির প্রবর্তন করেছিল– আলোচনা করো। ১৫

৩. "এই জন্যে স্বর্গের উপর আড়ি করে আমি আমার দরিদ্র মায়ের ঘর আরো বেশি ভালোবাসি।"– 'এই জন্যে' বলতে লেখক কোন্ কারণটি বুঝিয়েছেন ? তাঁর সুগভীর মর্ত্যপ্রীতির মধ্যে প্রকৃতির মাতৃস্বরূপ কীভাবে অনুভূত হয়েছে ? পঠিত পত্রের সূত্রে আলোচনা করো। ৫+১০

**অথবা**

'ছিন্নপত্র' নিছক কতকগুলি পত্রের সমাবেশ নয়, তার মধ্য দিয়ে পত্রসাহিত্যের যে বিশেষ লক্ষণগুলি ফুটে উঠেছে, সে বিষয়ে তোমার মতামত দাও। ১৫

৪. বহুভাষার দেশ ভারত সম্পর্কে অন্নদাশঙ্কর রায়ের বক্তব্য পরিস্ফুট করে হিন্দিকে 'জাতীয় ভাষা'-রূপে গ্রহণ করা চলে কিনা সে বিষয়ে আলোচনা করো। ১৫

**অথবা**

কৃষিপ্রধান ভারতবর্ষীয় সমাজের কৃষিকেন্দ্রিক বিভিন্ন সমস্যার কথা ও তার সমাধান-প্রসঙ্গ 'কৃষিসমস্যা ও আমরা' প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে দাও। ১৫

৫. সাহিত্যে আধুনিকতা বলতে কী বোঝায়– বিভিন্ন কালের সাহিত্য আলোচনার মাধ্যমে তার তাৎপর্য ব্যাখ্যা করো। ১৫

**অথবা**

'আর বাঙালি কবির পক্ষে, বিশ শতকের তৃতীয় চতুর্থ দশকে, প্রধানতম সমস্যা ছিলেন রবীন্দ্রনাথ।'– কোন্ প্রবন্ধে কার মন্তব্য ? উদ্ধৃতাংশের আলোকে প্রবন্ধটি আলোচনা করো। ২+১৩

৬. নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করোঃ ২০×১=২০

(ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে নিম্নবর্গীয় জীবন ও সমাজ।

(খ) রবীন্দ্রনাথের ছোটোগল্পে শিশু ও কিশোর চরিত্র।

(গ) উনিশ শতকের গীতিকবিতার ধারা।

(ঘ) জন্ম শতবর্ষে কথাসাহিত্যিক নারায়ণ গঙ্গোপাধ্যায়।

(ঙ) বিশ শতকের আশি ও নব্বই-এর মেয়েদের কবিতা।

(চ) বাংলা প্রহসনের গতিপ্রকৃতি।

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours PART-III Examinations, 2018

## বাংলা - সাম্মানিক

### অষ্টম পত্র

**সময় : ৪ ঘণ্টা** **পূর্ণমান : ১০০**

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১. নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) কালিদাস রচিত মহাকাব্য ও খণ্ডকাব্যগুলি কী কী ? তাঁর কাব্য-প্রতিভার বৈশিষ্ট্য নির্দেশ করো। ৫+১০

(খ) ‘বাল্মীকি রামায়ণ’ থেকে কাহিনীসূত্র গৃহীত হলেও ভবভূতির ‘উত্তর রামচরিত’ তাঁর সৃজনী প্রতিভার মৌলিকতায় সংস্কৃত নাট্যসাহিত্যের অমূল্য সম্পদ’– মন্তব্যটি বিশ্লেষণ করো। ১৫

(গ) শূদ্রকের ‘মৃচ্ছকটিক’-কে ‘প্রকরণ’ আখ্যা দেওয়ার তাৎপর্য ব্যাখ্যা করে রচনাটির নামকরণের সার্থকতা বিচার করো। ৭+৮

২. নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয়ে সংক্ষেপে আলোচনা করোঃ ৫×১ = ৫

(ক) বিক্রমোবর্শীয়ম্

(খ) হর্ষচরিত

(গ) গীতগোবিন্দম্

(ঘ) অভিজ্ঞানম্‌শকুন্তলম্

(ঙ) কাদম্বরী।

৩. নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) শেকস্‌পীয়রের ট্র্যাজেডি নাটকগুলির নাম লেখো। তাঁর দুটি ট্র্যাজেডি নাটকের বিস্তৃত আলোচনা করো। ৩+৬+৬

(খ) ‘সুন্দর অথচ ব্যর্থ এক দেবদূত, শূন্যে ঝাপটাচ্ছেন তাঁর উজ্জ্বল ডানা’– কবি সম্বন্ধে এই উক্তিটি কতখানি প্রযোজ্য শেলি-র কবিতা অবলম্বনে তা পরিস্ফুট করো। ১৫

(গ) কোন্ কোন্ বৈশিষ্ট্যের জন্য ‘বার্নার্ড শ’ আধুনিক যুগের শ্রেষ্ঠ নাট্যকার ? আলোচনা করো। ১৫

৪. নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয়ে সংক্ষেপে আলোচনা করোঃ ৫×১ = ৫

(ক) লিরিক্যাল ব্যালাডস্

(খ) প্যারাডাইস লস্ট

(গ) অলিভার টুইস্ট

(ঘ) প্রমেথিউস আনবাউণ্ড

(ঙ) জন কীটস্-এর ওড।

৫. নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) উপন্যাস রচনায় প্রেমচাঁদের স্বাতন্ত্র্যের পরিচয় দাও। বাংলা উপন্যাসে তাঁর প্রভাব কতখানি তা লেখো। ১০+৫

(খ) আঞ্চলিক উপন্যাস রচনায় ফনীশ্বরনাথ রেণুর কৃতিত্বের পরিচয় দাও। ১৫

(গ) মহাদেবী বর্মা-র কাব্যগ্রন্থগুলি অবলম্বনে তাঁর কবি-কৃতিত্বের পরিচয় দাও। ১৫

৬. নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** বিষয়ে সংক্ষেপে আলোচনা করোঃ ৫×২ = ১০

(ক) সদ্‌গতি

(খ) পল্টুবাবু রোড

(গ) দুর্লভ বন্ধু

(ঘ) অনামিকা

(ঙ) কুকুরমুত্তা

(চ) ময়লা আঁচল।

৭. নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) ''এই অতিরিক্ত বস্তুই কাব্যের আত্মা''– 'অতিরিক্ত বস্তু'টি কী ? কীভাবে তা 'কাব্যের আত্মা' হয়ে উঠেছে, বুঝিয়ে বলো। ৩+১২

(খ) ''রীতিরাত্মা কাব্যস্য''– এই মন্তব্যটির ব্যাখ্যা করো এবং 'কাব্যের আত্মা' বিচারে রীতির গ্রহণযোগ্যতা বিচার করো। ১৫

(গ) বিভাব, অনুভাব ও ব্যভিচারী ভাবের সংযোগে কীভাবে রস নিষ্পত্তি হয় তা বুঝিয়ে দাও। ১৫

৮. নিম্নলিখিত থেকে যে-কোনো ***একটি*** টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) স্থায়ীভাব।

(খ) সহৃদয়-হৃদয় সংবাদী।

(গ) কাব্যের জগৎ অলৌকিক মায়ার জগৎ।

৯. নিম্নলিখিত যে-কোনো ***একটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) ''চিত্র এবং সঙ্গীত সাহিত্যের প্রধান উপকরণ'' – কোন্ রচনার অংশ ? কীভাবে চিত্র ও সঙ্গীত সাহিত্যের উপকরণ হয়ে উঠেছে তার ব্যাখ্যা করো। ২+১৩

(খ) ''অন্তরের জিনিসকে বাহিরের, ভাবের জিনিসকে ভাষার, নিজের জিনিসকে বিশ্বমানবের এবং ক্ষণকালের জিনিসকে চিরকালের করিয়া তোলা সাহিত্যের কাজ'' – রবীন্দ্রনাথের 'সাহিত্যের বিচারক' প্রবন্ধ অবলম্বনে বিষয়টির প্রতি আলোকপাত করো। ১৫

(গ) আধুনিক কবি বলিয়াছেনঃ "Truth is beauty, beauty is truth"— 'আধুনিক কবি' কে ? তাঁর প্রকৃত উক্তিটি কী ? লেখককৃত রূপান্তর কীভাবে প্রবন্ধে ব্যাখ্যাত হয়েছে তা দেখাও। ১+২+১২